

গানের জলসায় অশরীরি আত্মা

আনিসুর রহমান

দেশ থেকে আজগর আলীম এসেছেন। তিনি পল্লী গীতির সম্রাট আব্দুল আলীমের ছেলে। সিডনীর অতি পরিচিত শিল্পী, সিরাজুস সালেকিনের বাবা আব্দুল লতিফ এবং আব্দুল আলীম অত্যন্ত ঘনিষ্ঠ ছিলেন। আব্দুল আলীমের অনেক গানের গীতিকার এবং সুরকার ছিলেন তিনি। আজগর আলীমের সম্মানে গত বুধবার সিরাজুস সালেকিন তার বাসায় রাতের খাবারের পরে একটা গানের জলসার আয়োজন করেছিলেন। আজগর আলীমের একক অনুষ্ঠান। শুধু পল্লী গীতি।

"পল্লী গীতির সাথে আমাদের সম্পর্ক নাড়ির" এমন কথা স্কুলের রচনায় হয়তো লিখেছি কিন্তু আমার প্রিয় গানের তালিকায় পল্লী গীতি কখনই উঠে আসেনি। আমার কাছে প্রিয় গান মানে হয় রবীন্দ্র সঙ্গীত অথবা কোলকাতার আধুনিক গান। পল্লী গীতি ভাললাগেনা সে কথা বলছি না কিন্তু প্রিয় গানের তালিকায় তার অবস্থান ওপরের দিকে ছিল না। তবে এসব গত বুধবারের আগের কথা।

এভাবে ঘরোয়া অনুষ্ঠানে শিল্পীর কাছাকাছি বসে পল্লী গীতি শোনার সৌভাগ্য আগে কখনো হয়নি। মাটি আর বৃষ্টির এই সহজ সুর এমন করে হৃদয় ছুয়ে যেতে পারে! আমার প্রায় পঞ্চাশ বছরের জীবনে এ সত্যটি কখনো এমন গভীরভাবে উপলব্ধি করিনি। সন্ধ্যারাতের আলো-আধারীতে বসে আমরা জনা পঞ্চাশেক নারী-পুরুষ মগ্ন হয়ে আজগর আলীমের গান শুনছি "দুয়ারে আইসাছে পাক্কী নাইওরি গাও তোলা।", হঠাৎ আমার সারা শরীর কাটা দিয়ে উঠলো। মনে হলো আমাদের মাঝে আরো দু'জন লোক আছেন। কেউ তাদের দেখতে পাচ্ছেনা কিন্তু তাঁরা আছেন। দুই অশরীরি আত্মা। মনে হলো তাঁদের একজন আব্দুল আলীম অন্যজন আব্দুল লতিফ। তাঁদের ছেলেরা দেশ থেকে এত দূরে বসে তাদের স্মরণ করেছে। তাঁরা কি না এসে পারেন!



সিরাজুস সালেকিন এবং আজগর আলীম